দৈনিক ইত্তেফাক
64
তারিখ 26 JAN 1998
পৃষ্ঠা ১ কলাম ৮

# ১৯ মাসে শিক্ষার হার চার ভাগ বাড়িয়াছে

## ..................প্রাথমিক শিক্ষা প্রতিমন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেশা তালুক-

(৮ম পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা প্রতিমন্ত্রী

(৩য় পৃঃ পর)

দার শনিবার চাপাইনবাবগঞ্জে বলেন, বর্তমান সরকার শিক্ষার প্রসারের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মাত্র ১৯ মাসেই শিক্ষার হার ৪৭ থেকে ৫১ শতাংশে উন্নীত করিতে সক্ষম হইয়াছে। তিনি জেলার নাচোল ও ভোলাহাট থানায় দুইটি বেসরকারী প্রাথমক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন কালে একথা বলেন।

প্রতিমন্ত্রী নিরক্ষরতা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার উপর গুরুতারোপ করিয়া বলেন, সরকার ২০০৫ সালের মধ্যেই দেশকে সাক্ষর করার জন্য নিরলস প্রচেষ্টা চালাইয়া যাইতেছে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নাচোল থানার লোনামাসনা রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও ভোলাহাট থানার ছোট জামবাড়িয়া রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণে প্রতিটিতে প্রায় ছয় লাখ টাকা ব্যয় হইয়াছে।